



প্রাপক
জেলা প্রশাসক
সকল জেলা।

বিষয় : এইচ.এস.সি পরীক্ষা-২০২০ এর “পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি” গঠন প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.সি পরীক্ষা-২০২০ আগামী ১৭/০৪/২০২০ খ্রিঃ তারিখ থেকে শুরু হবে। পরীক্ষার সময়সূচী ও কেন্দ্র তালিকা এতদসংগে সংযুক্ত করা হল।

বাউবি’র এইচ.এস.সি পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি :

ক) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচ.এস.এস.সি প্রোগ্রামের পরীক্ষা পরিচালনার জন্য প্রতিটি কেন্দ্রে “পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি” নামে একটি কমিটি থাকবে :

খ) পরীক্ষা কমিটির গঠন কাঠামো নিম্নরূপ :

(i)	সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ এবং বেসরকারি কলেজের ক্ষেত্রে জেলা সদরে জেলা প্রশাসক বা তাঁর মনোনীত প্রতিনিধি এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (সরকারি কলেজের ক্ষেত্রে পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটির সভাপতি উক্ত কমিটির ভারপ্রাপ্ত কর্মকর্তারও দায়িত্ব পালন করবেন)।	১ জন	সভাপতি
(ii)	অধ্যক্ষ/সমন্বয়কারী	১ জন	ভারপ্রাপ্ত কর্মকর্তা
	সরকারি কলেজের ক্ষেত্রে জেলা সদরে জেলা প্রশাসকের প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়) এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বা তাঁর মনোনীত প্রতিনিধি (সহকারী কমিশনার পদমর্যাদার নিচে নয়)।	১ জন	সদস্য
(iii)	বাউবি’র আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য আঞ্চলিক পরিচালক বা তাঁর মনোনীত প্রতিনিধি হিসাবে উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের জন্য উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধান।	১ জন	সদস্য
(iv)	ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মনোনীত সিনিয়র টিউটর	২ জন	সদস্য

২। সরকারি কলেজে বাউবি’র এইচ.এস.সি প্রোগ্রামের সমন্বয়কারী অধ্যক্ষ না হলে সেক্ষেত্রে সমন্বয়কারীকে টিউটর ক্যাটাগরীর ২জন সদস্যের ১জন হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত করা যাবে।

৩। আপনার জেলার আওতাধীন কেন্দ্রসমূহের পরীক্ষা পরিচালনার জন্য ২০/০৩/২০২০ তারিখের মধ্যে বর্ণনা মোতাবেক কমিটি গঠনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হ’ল।

বিঃদ্রঃ পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠন এবং পরীক্ষা সংক্রান্ত দাপ্তরিক কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণীয় :

ক. প্রতিবন্ধী শিক্ষার্থীকে অন্যান্য শিক্ষার্থীদের তুলনায় ১০% (৩ ঘণ্টা পরীক্ষা ক্ষেত্রে ৩০ মিনিট) অতিরিক্ত সময় দিতে হবে।

খ. টিউটর নয় এমন শিক্ষককে পরীক্ষা কমিটিতে রাখা যাবে না ;

গ. পরীক্ষা কেন্দ্র পরিচালনা কমিটি গঠনের ক্ষেত্রে প্রতিবার একই শিক্ষককে কমিটিতে অন্তর্ভুক্ত না করে পর্যায়ক্রমে সচু নিষ্ঠাবান ও দায়িত্বশীল টিউটরদের সদস্য হিসেবে কমিটিতে রাখা হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানানো হল ;

ঘ. কোন পরীক্ষার্থী নকল, মোবাইল ফোন, ব্যাগ ইত্যাদি নিয়ে যেন পরীক্ষা হলে ঢুকতে না পারে পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষকে তা নিশ্চিত করতে হবে এবং

ঙ. পরীক্ষার কাজে ৩য় ও ৪র্থ শ্রেণীর একই কর্মচারীকে প্রতিবছর সম্পৃক্ত করা যাবে না।

ধন্যবাদসহ।

Signature
০৮/৩/২০২০

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ৩। সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি’র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ’ল)।
- ৪। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
- ৫। এগার সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি - (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)।
- ৬। উপ-পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি - (প্রো-উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিভাগ	
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যসূচী	
তারিখ: ০৮/৩/২০২০	
সিগনেচার: <i>Signature</i>	
সিস্টেম ম্যানেজার/পরিচালক	
সিস্টেম ম্যানেজার/পরিচালক	

Signature
০৮/৩/২০২০